# B.Mus. (Honours) Semester-VI Examination 2017
# Drama & Theatre Arts.
# Course : BDTAC-63 (H-15)

**Time : 3 Hours** **Full Marks : 40**

Questions are of value as indicated in the margin

প্রতি প্রশ্নের মান দক্ষিণ পার্শ্বে উল্লেখিত।

ক-গুচ্ছের প্রতিটি প্রশ্নের উত্তর আবশ্যিক এবং খ-গুচ্ছ ও গ-গুচ্ছের একটি ক'রে প্রশ্নের উত্তর লিখতে হবে।

**ক-গুচ্ছ**

১। যথা সম্ভব সংক্ষিপ্ত উত্তর লিখ। ১×২০=২০

(ক) সফোক্লিসের 'অয়দিপাউস' সংক্রান্ত ত্রি-নাট্যের দ্বিতীয় ট্রাজেডিটির নামোল্লেখ কর।

(খ) অয়দিপাউস-এর পালক পিতা-মাতার নামোল্লেখ কর।

(গ) ক্রেয়নের স্ত্রী'র নামোল্লেখ কর।

(ঘ) 'অলস্ ওয়েল দ্যাট এনড্স ওয়েল'– রচয়িতার অপর যে কোন দুইটি কমেডির নামোল্লেখ কর।

(ঙ) হ্যামলেটের যে দুই বন্ধুকে সর্বদা একত্রে দেখা যায়, তাদের নামোল্লেখ কর।

(চ) 'হরিরাজ' নামক বাংলা নাটকটির ইংরাজি উৎসনাট্যের নামোল্লেখ কর।

(ছ) 'এ ডল্‌স হাউস' নাটকটির দুইটি প্রচলিত বঙ্গানুবাদের নামোল্লেখ কর।

(জ) 'আঙ্কল ভানিয়া' নাটকের রচয়িতার অপর যে কোন দুইটি নাটকের ইংরাজি অনুবাদের নামোল্লেখ কর।

(ঝ) আন্তন চেখভের যে কোন দুইটি নাটকের ইংরাজি ও অজিতেশ বন্দ্যোপাধ্যায়কৃত বাংলা অনুবাদের নামোল্লেখ কর।

(ঞ) 'ইন দ্য জাঙ্গল অফ সিটিজ'-এর রচয়িতার অপর যে কোন দুইটি নাটকের ইংরাজি ও বাংলা অনুবাদের নামোল্লেখ কর।

(ট) 'দ্য গুড পার্সন অফ্ সেজুয়ান' নাটকের দুইটি বাংলা মঞ্চায়িত অনুবাদের নামোল্লেখ কর।

(ঠ) 'অভিজ্ঞান শকুন্তলম্' নাটকের রচয়িতার অপর যে কোন দুইটি রচনার নামোল্লেখ কর।

(ড) 'মৃচ্ছকটিকম্'-এর যে কোন দুইটি অপ্রধান নারী চরিত্রের নামোল্লেখ কর।

(ঢ) দ্বিজেন্দ্রলাল রায় কৃত 'সাজাহান' নাটকের মোট অঙ্ক সংখ্যা এবং দৃশ্য সংখ্যা নির্দেশ কর।

(ণ) নূরজাহান-এর পূর্ব নাম কি ছিল ?

(ত) গিরিশচন্দ্র ঘোষ রচিত 'বিল্বমঙ্গল ঠাকুর'-এর উৎস কাহিনীর নামোল্লেখ কর।

(থ) গিরিশচন্দ্র ঘোষের যে কোন দুইটি ঐতিহাসিক নাটকের নামোল্লেখ কর।

(দ) 'দেবী গর্জন' নাট্য রচয়িতার অপর যে কোন দুইটি নাটকের নামোল্লেখ কর।

(ধ) বাদল সরকারের যে কোন দুইটি প্রসেনিয়াম-ধর্মী নাটকের নামোল্লেখ কর।

(ন) বিসর্জন নাটকের রচনাকালের উল্লেখ কর।

**খ- গুচ্ছ**

২। 'রাজা অয়াদিপাউস'-কে কেন আদর্শ ক্লাসিক্যাল ট্রাজেডি বলে মনে করা হয় ?– এ প্রসঙ্গে তোমার সুচিন্তিত মতামত সংক্ষেপে লিপিবদ্ধ কর। ১০

৩। রোমান্টিক-ট্রাজেডি হিসাবে 'হ্যামলেট'-এর সার্থকতা কোথায় ? তোমার মতামত সংক্ষেপে লিপিবদ্ধ কর। ১০

৪। 'গোস্টস্' নাটকের কেন্দ্রীয় চরিত্রটি নাট্য ঘটনার উন্মোসে কতটা সাহায্য করেছে বলে তুমি মনে কর? ১০

৫। 'এক্সেপসন্ এ্যাণ্ড দ্য রুল'– নাটকটির কাহিনী সূত্রের উল্লেখ করে এ নাটকের মূল প্রতিপাদ্যের নাতিদীর্ঘ আলোচনা কর। ১০

P.T.O.

৬। ‘অভিজ্ঞান-শকুন্তলম’– নাটকের পঞ্চসন্ধির আলোচনা কর। ১০

৭। টীকা লেখ (যে কোন দুইটি) : ৫×২=১০

(ক) নাট্যচরিত্র ইয়োকাস্তে। (খ) নাট্যচরিত্র ওফেলিয়া। (গ) নাট্যকার হেনরিক ইবসেন।
(ঘ) নাট্যকার আন্তন চেখভ। (ঙ) নাট্যকার বারটোল্ট ব্রেখট্। (চ) নাট্যকার শূদ্রক।

**খ- গুচ্ছ**

৮। ঐতিহাসিক ট্রাজেডি হিসাবে দ্বিজেন্দ্রলাল রায়ের ‘সাজাহান’ কতখানি সার্থক ?– এ প্রসঙ্গে তোমার সংক্ষিপ্ত মতামত লেখ। ১০

৯। ‘নরনারায়ণ’ নাটকে কর্ণ চরিত্রকে কী কী কারণে ট্রাজিক চরিত্র মনে করা হয় ? ১০

১০। ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকের প্রচ্ছদপটটি এ নাটকের আলোচনার ক্ষেত্রে কতটা মূল্যবান ভূমিকা নিতে সক্ষম ? নাটকটি আলোচনা প্রসঙ্গে তোমার মতামত প্রতিষ্ঠা কর। ১০

১১। ‘চাঁদ বণিকের পালা’র মূল দ্বন্দ্ব কোথায় ? এ-নাটকের মুখ্য বিষয়বস্তু প্রতিষ্ঠায় ঐ দ্বন্দ্ব কতটা সাহায্য করেছে ?- এ প্রসঙ্গে তোমার সংক্ষিপ্ত মতামত লিপিবদ্ধ কর। ১০

১২। ‘রক্তকরবী’ নাটকটি রবীন্দ্রনাথ বর্ণিত ‘জায়গান্টিক সিস্টেম’-কেই প্রতিষ্ঠা করে।— এ প্রসঙ্গে তোমার মতামত সংক্ষেপে লিপিবদ্ধ কর। ১০

১৩। রোমান্টিক-ট্রাজেডি হিসাবে রবীন্দ্রনাথের ‘বিসর্জন’ অথবা ‘রাজা ও রানী’ কতটা সার্থকতা লাভ করেছে ? যে কোন একটি নাটকের আলোচনা প্রসঙ্গে তোমার মতামত সংক্ষেপে লিপিবদ্ধ কর। ১০

১৪। টীকা লিখ (**যে কোন দুইটি**) : ৫×২=১০

(ক) নাট্য চরিত্র দারা। (খ) নাট্যচরিত্র বিল্বমঙ্গল। (গ) নাট্যচরিত্র মংলা। (ঘ) নাট্যচরিত্র ‘লেখক’ (‘এবং ইন্দ্রজিৎ’ (ঙ) নাট্যচরিত্র বেণীনন্দন (চ) নাট্যচরিত্র রঘুপতি।